গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ
www.tarail.kishoreganj.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৪৮৯২.০০০.২১.০০২.২৫-৭৮১ তারিখ-১৯/০৬/২০২৫ খ্রি

**খাস আদায় বিজ্ঞপ্তি নং-০২/২০২৫**
(২০ একর পর্যন্ত আয়তন বিশিষ্ট অ-ইজারাকৃত জলমহাল/খাসপুকুর ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত)

এতদ্বারা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/সম্পাদক ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ে **১০/০৩/২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৫.২৫-১৮৭ নং স্মারকের নির্দেশনা মোতাবেক এবং উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির ১৯/০৬/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক** সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ অনুযায়ী তাড়াইল উপজেলাধীন ২০ একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্নোক্ত জলমহাল/খাস পুকুরসমূহ খাস আদায়ের লক্ষ্যে বর্ণিত শর্ত মোতাবেক দর উল্লেখে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিস্তারিত তথ্যাদি অত্রাফিস হতে জানা যাবে।

| আবেদন দাখিলের তারিখ ও সময় | আবেদন বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|
| ০৭/০৭/২০২৫ খ্রি. দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৭/০৭/২০২৫ খ্রি. বেলা- ৩.৩০ ঘটিকা |

১৪৩২ বঙ্গাব্দের অবশিষ্ট সময় অর্থাৎ ৩০ চৈত্র ১৪৩২ পর্যন্ত ইজারাযোগ্য **তাড়াইল** উপজেলার ২০ একর পর্যন্ত জলমহালের তালিকা

| ক্রমিক | জলমহাল/খাস পুকুরের নাম | মৌজা | খঃ নং | দাগ নং | পরিমাণ (একর) | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | দাদ মাইনকা লম্বা বিল | দামিহা | ১ | ২২৫০ | ৪.৪৫ | ৬,৬৭৫.০০ | মোকদ্দমাভুক্ত |
| ০২ | হাহোতি বিল | দামিহা | ১ | ১৫৩৮, ১৬২৩ | ৪.৫১ | ৬৮,২২২.০০ | |
| ০৩ | চরতালজাঙ্গা নদী | চরতালজাঙ্গা | ১ | ৬৫০ | ৯.৪০ | ১৪,১০০.০০ | |
| ০৪ | গুবুদিয়া বিল | চং জাওয়ার | ১ | ১১২১ | ১৬.০০ | ৬৫১,৫২৫.০০ | |
| ০৫ | পেরীকুড়ি বিল | চং জাওয়ার | ১ | ৭৩২ | ১.২৮ | ৪২,০০০.০০ | |
| ০৬ | গঙ্গা দাইরা বিল | বিডি জাওয়ার | ১ | ১৩৯৪/১৯৪৯, ১৮৪৯ | ১.৯০ | ৩২,৯১৮.০০ | |
| ০৭ | বোয়ালিয়া বিল | সেকান্দরনগর | ১ | ১৩৬১ | ৮.২৩ | ১২,৩৪৫.০০ | |
| ০৮ | তাড়াইল নদীর খাড়ী | সাচাইল | ১ | ৮২৭ | ৫.০০ | ৬৩,০০০.০০ | |
| ০৯ | হাহোতি গোলাডোবা বিল | নগরকুল | ১ | ১১১২, ১০৩২, ১৩৪২ | ১২.৫২ | ৪৮৮,২৫০.০০ | |
| ১০ | নগরকুল মজাপুকুর (১) | নগরকুল | ১ | ২৫৯ | ২.৮৪ | ২৭৬,৭২৮.০০ | |
| ১১ | নগরকুল মজাপুকুর (২) | নগরকুল | ১ | ২৩৮ | ০.৪১ | ৬,৩০০.০০ | |
| ১২ | দিগদাইড় মজা পুকুর | দিগদাইড় | ১ | ৭৪৩ | ০.৬৪ | ৯৬০.০০ | মোকদ্দমাভুক্ত |
| ১৩ | রাহেলা পুকুর | রাহেলা | ১ | ৩৩৮ | ০.৬৫ | ৯৭৫.০০ | মোকদ্দমাভুক্ত |

**শর্তাদি ঃ**

০১। দরখাস্তের সাথে উদ্ধৃত মূল্যের ৫০% জামানত বাবদ তফসিলভুক্ত ব্যাংকের বিডি উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল বরাবরে জমা প্রদান করতে হবে (বিডি'র টাকা খাস আদায় মূল্যের সাথে সমন্বয় হবে)।

০২। উদ্ধৃত খাস মূল্যের উপর বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে।

০৩। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হওয়ার ৭(সাত) দিনের মধ্যে সাকুল্য টাকা জমা প্রদান করতে হবে।

০৪। খাস আদায়ের জন্য প্রদত্ত আদেশ কিছুতেই ইজারা হিসেবে গণ্য হবে না।

০৫। খাস আদায়ের মেয়াদ ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে।

০৬। খাস গ্রহীতা সকল প্রকার আনুষ্ঠানিকতা সম্পন্ন করে নিজ দায়িত্বে জলমহালের দখল বুঝে নিবেন। দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন দাবী উপস্থাপন করলে তা গ্রহণযোগ্য হবে না।

০৭। খাস আদায়ের মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর খাস আদায় গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। খাস আদায়ের মেয়াদ শেষে জলমহালের উপর খাস আদায়কারীর কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রীয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার বরাবরে ন্যস্ত হবে।

০৮। জলমহাল হতে কোন প্রকারেই মা মাছ নিধন করা যাবে না।

০৯। জলমহালটি খাস আদায় নিতে আগ্রহী সমিতি/সংগঠন/ব্যক্তিকে সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে খাস আদায় কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। ভবিষ্যতে এতদসংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০। আবেদনের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

১০১ কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯/০৬/২০২৫

(মোছাঃ পপি খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
তাড়াইল, কিশোরগঞ্জ
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ই-মেইল- unotarail@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৪৮৯২.০০০.২১.০০২.২৫-৭৮৯/১(১৫০) তারিখ- ১৯/০৬/২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ।
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৪। সহকারী কমিশনার (ভূমি), তাড়াইল, কিশোরগঞ্জ।
০৫। উপজেলা ........................................ কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৬। চেয়ারম্যান, ........................................(সকল) ইউনিয়ন পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ/পূবালী ব্যাংক লিঃ/বাংলাদেশ কৃষি ব্যাংক/ব্যাংক এশিয়া, তাড়াইল শাখা।
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................................ ইউনিয়ন ভূমি অফিস, তাড়াইল। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোসহ ঢোল সহরত/মাইকযোগে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯। সভাপতি/সম্পাদক, ................................................................ মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, তাড়াইল, কিশোরগঞ্জ।
১০। নোটিশ বোর্ড/ওয়েব পোর্টাল।

১৯/০৬/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
তাড়াইল, কিশোরগঞ্জ
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ই-মেইল- unotarail@mopa.gov.bd